গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd

স্মারকঃ ৪৪.০৩.০০০০.০১১.২৭.০৫৮.১৫- ৬৫১১

তারিখ ঃ ২৬/০৮/ ১৪২২ বঙ্গাব্দ
০৭/১২/ ২০১৫ খ্রীস্টাব্দ

বিষয় ঃ বিভিন্ন ইভেন্টের কোচ ও খেলোয়াড়দের পারফরমেন্স মূল্যায়ন ও নতুন নিয়োগ এবং সংযুক্তি-বিযুক্তি করণ নীতিমালা প্রসঙ্গে।

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী ক্রীড়াঙ্গনে একটি অনন্য নাম। এই বাহিনীর খেলোয়াড়দের ক্রীড়া নৈপূন্যের ফলে বিগত বাংলাদেশ গেমস পর্যন্ত ধারাবাহিকভাবে চারবার চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। বর্তমানে এ বাহিনীতে বিভিন্ন পদবীতে ৬১৪ জন খেলোয়াড় বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণ করছে। এই সকল খেলোয়াড়গণ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে পদক অর্জন করে আসছে। আবার অনেক খেলোয়াড় আছে তাদের তেমন কোন পারফরমেন্স নেই, তবুও আর্থিক দিক দিয়ে তাদের সমানভাবে মূল্যায়ন করা হচ্ছে। এতে স্বর্ণ পদক প্রাপ্ত বা বেশী পদক প্রাপ্ত খেলোয়াড়দের মধ্যে অসন্তুষ্টি বিরাজ করতে পারে। তা থেকে উত্তোরনের জন্য এবং আগামী বাংলাদেশ গেমস-এ অত্র বাহিনীর সাফল্য ধরে রাখার জন্য পদকপ্রাপ্ত খেলোয়াড়দের যোগ্যতা অনুযায়ী সরকারি চাকুরি/ভাতায় নিয়োগ ও ভাতাভুক্ত খেলোয়াড়দের পারফরমেন্স অনুযায়ী যথাযথ মূল্যায়ন করা প্রয়োজন।

এমতাবস্থায়, 'ক ও খ' অনুচ্ছেদ মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য মহাপরিচালক মহোদয় 'গ' অনুচ্ছেদে একটি কমিটি গঠন করেছেন। নীতিমালা জারীর পর 'গ' অনুচ্ছেদে গঠিত কমিটির সভাপতি অতিরিক্ত মহাপরিচালক একটি নতুন কমিটি গঠন করবেন এবং তার পর হতে প্রতি ছয় মাস অন্তর অন্তর 'গ' অনুচ্ছেদের ক্রম-৩, ৫ ও ৭ পরিবর্তন করবেন।

ক) মূল্যায়নের উদ্দেশ্যঃ

১। খেলোয়াড়দের খেলার মান যাচাই করে তাদের নিয়োগ প্রদান করা। কাউকে বাদ দেয়ার প্রয়োজন মনে করলে নীতিমালা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা।

২। ফলাফলের (স্বর্ণ, রৌপ্য ও ব্রোঞ্জ)-এর বিবেচনায় ভাতাভুক্ত খেলোয়াড়দের মাসিক ভাতার পরিমাণ নির্ধারণ করা।

৩। পারফরমেন্স বিবেচনায় বা তাদের দৈহিক বিবেচনায় বা তাদের খেলার ধরণ অনুযায়ী কোন খেলোয়াড়কে কোন ইভেন্টে অন্তর্ভূক্ত করা যায় তা নির্ধারণ করা।

খ) মূল্যায়ন কমিটির কার্যক্রমঃ

১। মূল্যায়ন কমিটি ৬ মাস পরপর অথবা বছরে ২ বার খেলোয়াড়দের মান বিবেচনা করবেন।

২। মূল্যায়ন কমিটি ভালোমানের খেলোয়াড় বা পদক প্রাপ্ত খেলোয়াড় নতুন নিয়োগের সুপারিশ করতে পারবেন।

৩। ক্রীড়া শাখা তাৎক্ষণিকভাবে ভালমানের পদকপ্রাপ্ত বা পারফরমেন্স সম্পন্ন কোন খেলোয়াড় পেলে মহাপরিচালক মহোদয়ের মৌখিক নির্দেশে নিয়োগ দিতে পারবেন বা দিবেন এবং তাৎক্ষনিক কাউকে বাতিল করতে হলে মহাপরিচালক মহোদয়ের মৌখিক নির্দেশে বাতিল করতে পারবেন। পরবর্তীতে মূল্যায়ণ কমিটি উক্ত নিয়োগের বৈধতা দিবেন।

৪। মূল্যায়ন কমিটি চলতি ভাতাভুক্ত খেলোয়াড়ের খেলার মান নিম্নগামী মনে করলে তাকে বাদ দেয়ার সুপারিশ করবেন।

৫। মূল্যায়ন কমিটি ব্যাটালিয়ন আনসার বা মহিলা আনসার খেলোয়াড়দের পারফরমেন্স নিম্নগামী মনে করলে তাকে নিজ ইউনিট/ব্যাটালিয়নে ফেরত (RTU) পাঠানোর সুপারিশ করতে পারবেন।

৬। মূল্যায়ন কমিটি ক্রীড়ার সার্বিক দিক মূল্যায়ন পূর্বক ক্রীড়ার উন্নয়নের জন্য যে কোন সুপারিশ করতে পারবেন।

৭। মূল্যায়ন কমিটি যেমন যাচাই বাছাই পূর্বক, অংগীভূতি হতে আগ্রহী খেলোয়াড়দের অংগীভূতির মাধ্যমে নিয়োগ প্রদানের সুপারিশ করতে পারবেন তেমনি পারফরমেন্স নিম্নগামী হলে সে বিবেচনায় অ-অংগীভূতির সুপারিশ করতে পারবেন।

৮। মূল্যায়ন কমিটির সঠিক মূল্যায়ন শেষে রিপোর্ট টি মহাপরিচালক মহোদয়ের বরাবরে দাখিল করবেন।

৯। এছাড়া এখানে উল্লেখ করা হয়নি এমন কোন বিষয় দৃষ্টিগোচর হলে সে বিষয়ে কমিটি মতামত প্রদান করতে পারবেন।

চলমান পাতা -০২

গ) মূল্যায়ন কমিটি (মূল)ঃ

| | | |
|---|---|---|
| ১। | অতিরিক্ত মহাপরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা | সভাপতি |
| ২। | উপ-মহাপরিচালক (প্রশিক্ষণ)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা | সদস্য |
| ৩। | উপ-মহাপরিচালক (প্রশাসন/অপারেশন/আনসার-ভিডিপি একাডেমি) | সদস্য (প্রতিবার একজন করে ) |
| ৪। | পরিচালক (ক্রীড়া ও সংস্কৃতি) | সদস্য |
| ৫। | পরিচালক (সদর দপ্তর/আভি একাডেমী হতে) | সদস্য (প্রতিবার একজন করে ) |
| ৬। | সার্কেল অ্যাডজুট্যান্ট (ক্রীড়া ও সংস্কৃতি)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা | সদস্য |
| ৭। | কোচ-২ জন (আনসার-ভিডিপি ক্রীড়া দলের) | সদস্য (প্রতিবার পৃথক টিম হতে) |

মূল্যায়ন কমিটি সার্বিক রিপোর্ট দাখিল করবেন এবং মহাপরিচালক মহোদয় উক্ত রিপোর্টের ভিত্তিতে সিদ্ধান্ত প্রদান করবেন। মহাপরিচালক মহোদয়ের সিদ্ধান্ত প্রশিক্ষণ (ক্রীড়া) শাখা বাস্তবায়ন করবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ সামছুল আলম
পরিচালক (প্রশাসন)
দুরালাপনীঃ ৭২১৪৯২৫

স্মারকঃ ৪৪.০৩.০০০০.০১১.২৭.০৫৮.১৫-১৫৯১

তারিখ ঃ ২৬/০৮/১৪২২ বঙ্গাব্দ
০৭/১২/২০১৫ খ্রীস্টাব্দ

অনুলিপি প্রেরণ করা হলোঃ

| | | |
|---|---|---|
| ১। | মহাপরিচালক মহোদয়ের সচিবালয়<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২। | অতিরিক্ত মহাপরিচালক<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | সদয় অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৩। | উপ-মহাপরিচালক (প্রশিক্ষণ/প্রশাসন/অপারেশন)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ৪। | উপ-মহাপরিচালক,বাংলাদেশ আনসার-ভিডিপি একাডেমী, সফিপুর,গাজীপুর। | " |
| ৫। | পরিচালক ........................................................ (সকল)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ........................। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ৬। | সার্কেল অ্যাডজুট্যান্ট (ক্রীড়া ও সংস্কৃতি)<br>বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | " |
| ৭। | কোচ, .........................................................................<br>বাংলাদেশ আনসার-ভিডিপি ক্রীড়া দল। | " |
| ৮। | অফিস/মাস্টার কপি। | |

পরিচালক (প্রশাসন)